

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৯.০২০.০২.০০.০০১.২০১৫-২১৭

তারিখ : ১২ জুন ২০১৬ খ্রিঃ।

বিষয় : অনিষ্পন্ন অডিট আপত্তির সর্বশেষ অবস্থা অবহিতকরণ।

- সূত্র : (ক) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ১২৪৫, তারিখঃ ১৭/১২/২০১৫ খ্রিঃ।
(খ) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ১২৬২, তারিখঃ ১৭/১১/২০১৫ খ্রিঃ।
(গ) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ১৮২, তারিখঃ ১৬/০৫/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন সংস্থাসমূহের সৃষ্টিকাল থেকে হালনাগাদ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদসমূহের নিষ্পত্তিমূলক জবাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। অপরদিকে সাধারণ আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক জবাব সরাসরি সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণ করে (প্রয়োজন বোধে দ্বি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তি করে) সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের প্রত্যয়নপত্রসহ ৩১/১২/২০১৫ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগের অডিট-২ অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। পরবর্তীতে "গ" সূত্রের মাধ্যমে ৩১/০৫/২০১৬ তারিখের মধ্যে ছক মোতাবেক তথ্য প্রেরণের জন্য অনুরোধ জানানো হলেও অদ্যাবধি চাহিত তথ্য পাওয়া যায়নি।

এমতাবস্থায়, তাঁর জেলার বিভিন্ন পৌরসভাসমূহের সৃষ্টিকাল থেকে হালনাগাদ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম/সাধারণ অনুচ্ছেদসমূহের সর্বশেষ অবস্থা নিম্নলিখিত "ক ও খ" ছক মোতাবেক আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।

ছক - "ক"

অগ্রিম :

ক্রমিক নং	পৌরসভার নাম	আপত্তির অর্থ বছর	অর্থ বছরওয়ারী আপত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী আপত্তি নিষ্পত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী অনিষ্পন্ন আপত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী জড়িত টাকার পরিমাণ	সর্বমোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

ছক "খ"

সাধারণ :

ক্রমিক নং	পৌরসভার নাম	আপত্তির অর্থ বছর	অর্থ বছরওয়ারী আপত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী আপত্তি নিষ্পত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী অনিষ্পন্ন আপত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী জড়িত টাকার পরিমাণ	সর্বমোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।

উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)

জেলা :

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
৩. জেলা প্রশাসক (সকল)।
৪. মেয়র (সকল) পৌরসভা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।